

জাতীয় বিশ্ববিদ্যালয় অনার্স প্রথম বর্ষের পরীক্ষার ফল প্রকাশ

অনলাইন ডেস্ক

০৩ এপ্রিল ২০২৪, ১০:৩৫ পিএম



ছবি: সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের অনার্স প্রথম বর্ষ পরীক্ষার ফল আজ বুধবার সন্ধ্যা ৭টায় প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় ৩১টি বিষয়ে ৮৮০টি কলেজের মোট ৪ লাখ ৪৩ হাজার ৪৮০ জন পরীক্ষার্থী ৩৩৯টি কেন্দ্রের মাধ্যমে অংশগ্রহণ করেছেন। এছাড়া পরীক্ষায় ৮৮ দশমিক ৪৩ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন।

প্রকাশিত ফল সন্ধ্যা ৭টা থেকে এসএমএসের মাধ্যমে যে কোনো মোবাইল মেসেজ অপশনে গিয়ে `nu<space>h1<space>Registration No` লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট `www.nu.ac.bd` এবং `www.nubd.info` থেকে জানা যাবে বলে জানিয়েছেন ওই বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান।